

## বলিভিয়ার লা পাজেতে ভারত-বলিভিয়া বিদেশমন্ত্রকের প্রথম পরামর্শমূলক বৈঠক

২০১৪ সালের ২০ নভেম্বর ভারত প্রজাতন্ত্র ও পুরিন্যাশনাল বলিভিয়া রাষ্ট্রের মধ্যে বিদেশমন্ত্রকের প্রথম পরামর্শমূলক বৈঠক অনুষ্ঠিত হয় লা পাজেতে। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্রমন্ত্রকের বিশেষ সচিব (আমেরিকা ও সিপিভি) শ্রী আর স্বামীনাথন এবং বলিভিয়ার নেতৃত্ব দেন বলিভিয়ার উপবিদেশমন্ত্রী মিঃ জুয়ান কালোস আলুররালডে তেজাডা।

সৌহার্দ্যপূর্ণ পরিবেশে বৈঠকটি অনুষ্ঠিত হয় এবং রাজনৈতিক, বাণিজ্যিক, লগ্নি ও প্রযুক্তিগত সহযোগিতা সহ সামগ্রিক দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনা কেন্দ্রীভূত হয়। বৈঠকে উভয়পক্ষ উপলব্ধি করেন বর্তমান দ্বিপাক্ষিক সম্পর্ক, বিশেষ করে আর্থিক বিষয়ের সহযোগিতা প্রকৃত সম্ভাবনার প্রতিফলন নয়, অথচ এই সম্পর্কের মধ্যে বিপুল সম্ভাবনা রয়েছে। এই সম্ভাবনার বাস্তবায়নের জন্য এবং যেসব প্রতিবন্ধকতা রয়েছে তা দূর করার জন্য উভয়পক্ষ সহমত হন। বেশ কয়েকটি নতুন সহযোগিতা ক্ষেত্র চিহ্নিত করা হয়।

উভয়পক্ষ আঞ্চলিক ও আন্তর্জাতিক ক্ষেত্রের গুরুত্বপূর্ণ বিষয়ে মত বিনিময় করেন।

শ্রী স্বামীনাথন পরে বলিভিয়ার বিদেশমন্ত্রী সম্মানীয় মিঃ ডেভিড ছোকেছয়ানকার সংগেও সাক্ষাৎ করেন।

উভয় প্রতিনিধিদলের নেতারা প্রথম বিদেশমন্ত্রকের পরামর্শমূলক বৈঠকে সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তী বৈঠক দিল্লিতে উভয়পক্ষের সম্মতিতে গৃহীত সময়ে অনুষ্ঠিত করার সিদ্ধান্ত নেন।

লা পাজ

২০ নভেম্বর ২০১৪